নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
নগর ভবন, ১০ বঙ্গবন্ধু রোড
নারায়ণগঞ্জ ।
www.ncc.gov.bd

" শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি "

স্মারক নং-৪৬.১৬.০০০০.০০৪.৬০.১৪৭.২৩ - ৭২৭ তারিখ: ৩১ /০১/২০২৪ খ্রি:

# " সভার নোটিশ"

বিষয় : যোগাযোগ সংক্রান্ত স্থায়ী কমিটির সভায় যোগদান প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যোচ্ছে যে, যোগাযোগ সংক্রান্ত স্থায়ী কমিটির ৩য় ত্রৈমাসিক সভা আগামী ০৭/০২/২০২৪ খ্রি: তারিখ রোজ বুধবার বেলা ১২.০০ ঘটিকায় যোগযোগ সংক্রান্ত স্থায়ী কমিটির এক সভা নগরভবনের ৫ম তলায় প্রধান নির্বাহী কর্মকর্তার সভাকক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচী:

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন সম্পর্কে আলোচনা।

২। সিটি কর্পোরেশন এলাকায় যোগাযোগ কাযক্রম উন্নত করন প্রসংগে আলেচনা।

৩। বিবিধ

(মোহাম্মদ হান্নান মিয়া)
সহকারী সচিব ও সাচিবিক
দায়িত্বপালনকারী কর্মকর্তা
যোগাযোগ সংক্রান্ত স্থায়ী কমিটি
মোবাইল-০১৭১২-১৯০০৬২

বিতরণ:

১। ডা: সেলিনা হায়াৎ আইভী, মাননীয় মেয়র
সদস্য, যোগাযোগ সংক্রান্ত সংক্রান্ত স্থায়ী কমিটি

২। জনাব আবুল কাউছার, ২৩ নং ওয়ার্ড
সভাপতি, যোগাযোগ সংক্রান্ত স্থায়ী কমিটি

৩। জনাব ------------------------------------------------
সদস্য, যোগাযোগ সংক্রান্ত স্থায়ী কমিটি

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। পি এস টু মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২। পি এ টু সিইও, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন (সিইও মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩। অফিস কপি।

" শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি "

# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন, ১০ বঙ্গবন্ধু রোড
নারায়ণগঞ্জ ।
www.ncc.gov.bd

অদ্য ০৭/০২/২০২৪ খ্রি: তারিখ রোজ বুধবার বেলা ১২.০০ ঘটিকায় অনুষ্ঠিত যোগাযোগ সংক্রান্ত স্থায়ী কমিটির সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের স্বাক্ষর :

| ক্র:নং | সম্মানিত সদস্যগণের নাম | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব আবুল কাউছার<br>সভাপতি<br>যোগাযোগ সংক্রান্ত স্থায়ী কমিটি<br>ও কাউন্সিলর, ওয়ার্ড-২৩<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | ০৭/০২/২৪ | |
| ০২ | জনাব মো: কামরুল হাসান মুন্না<br>সম্মানিত সদস্য<br>যোগাযোগ স্থায়ী কমিটি<br>ও কাউন্সিলর, ওয়ার্ড-১৮<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | | |
| ০৩ | জনাব শিউলী নওশাদ<br>সদস্য<br>যোগাযোগ সংক্রান্ত স্থায়ী কমিটি<br>ও কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড- ১৯,২০,২১ ওয়ার্ড<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | 07/02/2024 | |
| ০৪ | জনাব মো: মাকছুদুল আলম খন্দকার খোরশেদ<br>সদস্য<br>যোগাযোগ সংক্রান্ত স্থায়ী কমিটি<br>ও কাউন্সিলর, ওয়ার্ড-১৩<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | | |
| ০৫ | মাননীয় মেয়র মহোদয়<br>সদস্য<br>যোগাযোগ সংক্রান্ত স্থায়ী কমিটি<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | | |

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
নগর ভবন, ১০ বঙ্গবন্ধু রোড
নারায়ণগঞ্জ ।
www.ncc.gov.bd

" শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি "

## " যোগাযোগ সংক্রান্ত স্থায়ী কমিটি সভার কার্যবিবরণী "

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব আবুল কাউছার<br>কাউন্সিলর, ওয়ার্ড নং-০৩<br>ও<br>সভাপতি<br>যোগাযোগ সংক্রান্ত স্থায়ী কমিটি<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |
| সভার তারিখ | : | ০৭/০২/২০২৪ খ্রি:, রোজ- বুধবার |
| সময় | : | বেলা ১২.০০ ঘটিকা |
| সভার স্থান | : | প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সভাকক্ষ |

উপস্থিত সম্মানিত সদস্যগণের নামের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) সংযুক্ত (পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য)

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করার জন্য কমিটির সদস্য সচিব জনাব মোহাম্মদ হান্নান মিয়া-কে অনুরোধ জানান। অত:পর সদস্য সচিব আলোচ্যসূচী অনুযায়ী আলোচনায় অংশগ্রহণ ও মতামত প্রদানের আহবান জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচ্যসূচী : ১: বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।**

**আলোচনা ও সিদ্ধান্ত :** সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব জনাব মোহাম্মদ হান্নান মিয়া বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরনীতে কোন সংশোধনী না থাকায় উক্ত কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমতি হয়।

**আলোচ্যসূচী- ২: সিটি কর্পোরেশন এলাকায় যোগাযোগ কার্যক্রম উন্নত করণ প্রসংগে আলোচনা।**

**আলোচনা :** কমিটির সভাপতি সভাকে অবহিত করেন যে, ক্যালেন্ডার অনুযায়ী ১২/০৩/২০২৪ খ্রি: তারিখ মুসলমানদের পবিত্র ধর্মীয় উৎসব মাহে রমজান শুরু হবে। এ সময়ে জনসাধারণ যেন নির্বিঘ্নে ও সাচ্ছন্দ্যে চলাচল করেতে পারে সেজন্য ফুটপাতের অবৈধ দোকান উচ্ছেদ, অবৈধ ষ্ট্যান্ড উচ্ছেদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উপর তিনি জোর তাগিদ প্রদান করেন। তাছাড়াও যানজট নিরসন ও যানবাহন যাতে সুন্দরভাবে চলাচল করতে সেজন্য যে সকল সড়কে গর্তের সৃষ্টি হয়েছে সেগুলো মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়েকে অনুরোধ জানান। তাছাড়ও ২১ ফেব্রুয়ারী আন্তজার্তিক মাতৃভাষা দিবসে চাষাড়া সড়ক পথ যানজট মুক্ত পরিষ্কার ও পরিচ্ছন্ন রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব উপস্থাপন করেন। উপস্থিত কমিটির অন্যান্য সদস্যগণ তার সহিত একমত পোষন করেন।

**সুপারিশ:** (১) সভায় রাস্তাঘাট উন্নয়নের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। তাছাড়াও ২১ ফেব্রুয়ারী আন্তজার্তিক মাতৃভাষা দিবসে চাষাড়াস্থ কেন্দ্রীয় শহীদ মিনারে স্থানীয় জনপ্রতিনিধি, জেলা প্রশাসক ও পুলিশ সুপারসহ সর্বস্তরের জনগণ যাতে সুন্দরভাবে চাষাড়াস্থ কেন্দ্রীয় শহীদ মিনারে শ্রদ্ধা নিবেদন করতে পারে সেজন্য রাস্তার গর্ত, ফুটপাতের স্লাব মেরামত পুন: স্থাপন করার সর্বসম্মতিক্রমে সুপারিশ করা হয়। (২) পরিষ্কার ও পরিচ্ছন্ন করার সুপারিশ করা হয়।

(৩) আসন্ন রমজানসহ অন্যান্য মাসে জনগনের নির্বিঘ্নে ও সাচ্ছন্দ্যে চলাচলের স্বার্থে ফুটপাতে হকার বসতে না দেওয়ার বিষয়ে অব্যাহত রাখার সুপারিশ করা হয়। (৪) সভায় রাস্তার উপর থেকে অবৈধ ষ্ট্যান্ড উচ্ছেদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশ সুপার বরাবরে পত্র প্রেরণের সুপারিশ করা হয়।

সভার বিবিধ বিষয়ে অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মো: আবুল কাউছার)
সভাপতি
যোগাযোগ সংক্রান্ত স্থায়ী কমিটি
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

স্মারক নং-৪৬.১৬.০০০০.০০৪.৬০.১৪৭.২৩. তারিখ : /০২/২০২৪ খ্রি:

অনুলিপি: অবগতি/অবগতির জন্য প্রেরণ করা হলো

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
২। প্রধান নির্বাহী রক্ষণ কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৩। পি এস টু মেয়র (পরিচ্ছন্ন কর্মকর্তা), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(মো: আবুল কাউছার)
সভাপতি
যোগাযোগ সংক্রান্ত স্থায়ী কমিটি
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।